# তথ্য প্রকাশ নীতিমালা

COAST Trust

১. কোস্ট সকল ধরনের তথ্য সবার জন্য উন্মুক্ত রাখতে আগ্রহী এবং তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য দিতে বাধ্য।

২. এই নীতিমালার উদ্দেশ্য হচ্ছে সংস্থার কর্মসূচি অংশগ্রহণকারী, কর্মী এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের কাছে সংস্থার তথ্য প্রকাশের কৌশলসমূহ জানিয়ে দেয়া। তথ্য প্রকাশ, তথ্য প্রদান এবং তথ্য পাওয়ার ক্ষেত্রে এ নীতিমালা সকল পক্ষের জন্য সহায়ক ভুমিকা পালন করবে। তথ্য প্রকাশ নীতিমালা বাস্তবায়নের অর্থ হচ্ছে 'তথ্য অধিকার আইন ২০০৯' মেনে চলা এবং জবাবদিহিতার ক্ষেত্রে সিএইচএস এলাইয়েন্সের (www.chsalliance.org)-এর নীতিমালা এবং আদর্শমান অনুসরণ করা।

৩. সংস্থার কোন নীতির সাথে এই নীতিমালার কোন নীতির বৈপরীত্য দেখা দিলে এই নীতিমালাটিই প্রাধান্য পাবে। আবার যদি উক্ত নীতিমালার সাথে 'তথ্য অধিকার আইন ২০০৯' এর কোন দ্বন্দ্ব দেখা দেয় তাহলে 'তথ্য অধিকার আইন ২০০৯' ই প্রযোজ্য হবে।

৪. যে কেউ যে কোন মাধ্যমে- মৌখিক, লিখিত, ই-মেইল, সরাসরি এসে বা সংস্থার যে কারো সাথে আলোচনার মাধ্যমে এই তথ্য পেতে আবেদন করতে পারেন এবং যে মাধ্যমে তথ্য চাইবেন সে মাধ্যমেই সর্বোচ্চ ৭ কর্ম দিবসের মধ্যে তথ্য প্রদান করা হবে। তবে যদি চাহিদাকৃত তথ্যের সাথে তৃতীয় পক্ষের যুক্ততা থাকে তবে উক্ত তথ্য প্রদানে সর্বোচ্চ ৩০ কর্মদিবস লাগতে পারে। এ জন্য যদি কোন খরচ প্রয়োজন হয় তবে যিনি তথ্য চাইবেন তাকে ফি হিসাবে উক্ত খরচ বহন করতে হবে। কোস্ট কর্তৃপক্ষ উক্ত খরচের পরিমাণ নির্ধারণ করবে। চাহিদাকৃত তথ্য কখন প্রদান করা হবে এবং এর জন্য কত টাকা লাগবে কর্তৃপক্ষ সর্বোচ্চ ৩ দিনের মধ্যে তথ্য চাহিদাকারীকে তা জানিয়ে দিবেন।

৫. কোস্ট এর ওয়েব সাইট www.coastbd.net এবং সকল অফিসে সংস্থা কতৃক স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য সবার জন্য উন্মুক্ত থাকবে। সেগুলি হলঃ সংগঠনের পটভূমি, বৈধ সনদসমূহ (NGOAB, MRA and TIN, BIN), সংগঠনের উদ্দেশ্য, সংগঠনের কাঠামো, কর্মী এবং ট্রাস্টি বোর্ডের সদস্যদের ই-মেইল, জবাবদিহিতা কার্যকাঠামো, প্রকল্প এলাকায় উন্নয়ন পরিকল্পনা, বাস্তবায়নাধীন প্রকল্প প্রস্তাব, চুক্তি দলিল, বাজেট এবং প্রতি বছরের কর্ম পরিকল্পনা, কর্মসূচিতে অংশগ্রহণকারীর নির্বাচন প্রক্রিয়া এবং শ্রেণিকরণ, কর্মপকিল্পনার বিপরীতে অগ্রগতি প্রতিবেদন, প্রশিক্ষণ ক্যালেন্ডার, সভাসমূহের সময়সূচি, সভা প্রতিবেদন, সার্কুলার, আর্থিক প্রতিবেদন, অডিট রিপোর্ট, প্রকাশনা, অভিযোগ ব্যবস্থাপনা নীতিমালা, তথ্য প্রকাশ নীতিমালা, মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা, বেতন কাঠামো ও সুবিধাদি, হিসাব এবং নিরীক্ষা নীতিমালা, ক্ষুদ্রঋণ নীতিমালা, অপারেশন ম্যানুয়াল, বার্ষিক প্রতিবেদন এবং উপকারভোগীদের সংখ্যা ও তালিকা ইত্যাদি।

৬. তবে বিচারাধীন বিষয় বা কর্মীদের ব্যক্তিগত ফাইলে রক্ষিত তথ্য কেবল মাত্র রাষ্ট্রের কোন কর্তৃপক্ষ চাইলে দেয়া হবে। কর্মীর সাক্ষাৎকার এবং কর্মকাণ্ড পরিদর্শন সংক্রান্ত বিষয় "অফিসিয়াল" না হলে সংস্থা উক্ত তথ্য প্রদান করতে বাধ্য নয়। সদস্য বা তৃতীয় কোন পক্ষের যে সকল তথ্য সংস্থায় সংরক্ষিত আছে উক্তরূপ তথ্য সদস্য বা তৃতীয় পক্ষের অনুমোদন না থাকলে সংস্থা তা প্রকাশ বা প্রদান করতে বাধ্য নয়।

৭. যে কোন শাখা অফিস, প্রকল্প অফিস এবং অঞ্চলিক কার্যালয়সমূহ তথ্য প্রদান ইউনিট হিসেবে কাজ করবে। এ সকল কার্যালয়ের দায়িত্বে থাকা প্রধান কর্মীর নিকট অনুরোধকৃত সকল তথ্য পাওয়া যাবে, তিনি উক্ত অফিসে তথ্য কর্মকর্তা হিসেবেও কাজ করবেন। অথবা প্রধান কার্যালয়ে প্রধান তথ্য কর্মকর্তার নিকট সরাসরিও তথ্য চাওয়া ও পাওয়া যাবে। কোন কর্মী তথ্য দিতে গড়িমসি করলে বা না দিলে, তিনি শৃংখলামূলক ব্যবস্থার সম্মুখীন হবেন।

৮. প্রতিটি তথ্য প্রদান অফিসে একটি করে রেজিস্টার খোলা থাকবে যাতে চাহিদাকৃত তথ্য ও প্রদানকৃত তথ্যের একটি রেকর্ড সংরক্ষিত হবে এবং সংশ্লিষ্ট অফিস প্রধান মাসিক একটি প্রতিবেদন সরাসরি প্রধান তথ্য কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। প্রধান তথ্য কর্মকর্তা সংস্থার জন্য একটি সমন্বিত তথ্য প্রতিবেদন তৈরি এবং স্বপ্রণোদিত তথ্য হিসেবে উক্ত প্রতিবেদন প্রকাশের ব্যবস্থা করবেন।

৯. যে কোন পর্যায়ে কোন রূপ ব্যত্যয় ঘটলে যে কেউ সরাসরি প্রধান তথ্য কর্মকর্তা (পরিচালক-প্রশাসন ও এসআর) কে অভিযোগ জানাতে পারে

১০. বোড অব ট্রাস্টির অনুমোদন, কার্যকর হওয়ার তারিখ এবং বাস্তবায়ন পর্যবেক্ষণ: গত ২২ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ট্রাস্টির ৯৯তম সভায় এই নীতিমালা সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং তাৎক্ষণিকভাবে এটি কার্যকর হয়। সহকারী পরিচালক-মিল এন্ড এইচএ এই নীতিমালার বাস্তবায়নের বিষয়টি সংস্থার পক্ষ থেকে পর্যবেক্ষণ করবেন।

১১. নীতিমালার পর্যালোচনা: জাতীয় ও আন্তর্জাতিক আইন-বিধি, মানবাধিকার ঘোষণায় গুরুত্বপূর্ণ কোনও পরিবর্তন সাধিত হলে এই নীতিমালা পর্যালোচনা করা যেতে পারে।

রেজাউল করিম চৌধুরী
নির্বাহী পরিচালক
কোস্ট ট্রাস্ট

বেগম শামসুন নাহার
চেয়ারপারসন
বোর্ড অব ট্রাস্টি
কোস্ট ট্রাস্ট